

দুই শালিক

একটি শালিক এ গাছ ও গাছ সে গাছে যায় উড়ে
তার পিছনেই আর এক শালিক বেড়ায় ঘুরে ঘুরে।
কচি ডগের জামগাছেতে চলছে উড়াউড়ি
আমায় তারা মুঞ্চ করে খাসা ও দের জুড়ি!!

বাতাস এসে মুচকি হেসে বেশ দিয়ে যায় দোলা
শাখায় বসে দোল খেয়ে যায় ওঠা-নামা-তোলা
এক শাখাতেই দুই শালিকের এমন মেশামেশি
সচরাচর যায়না দেখা, যায় না দেখা বেশি।

চড়াই ওড়ে ফিঙেও ওড়ে কেউ ঘেঁসেনা কাছে
দুই শালিকে এই বিকালে খোস মেজাজে আছে।
যেন কত মনের কথা বলছে এ ওর কানে
কি বলছে কেউ জানেনা তারাই কেবল জানে।

দুই শালিকের এমন ভাবে কে হবেনা খুশি
ইচ্ছে করে সোনার খাঁচায় ও দের এনে পুষি।
যেই ভেবেছি দুই শালিকের একটিও আর নেই
বনের পাখি বনেই ভাল — সার বুঝাম এই !!

চিত্ত পাল

